গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ফুলগাজী, ফেনী।
www.fulgazi.feni.gov.bd.

স্মারক নং : ০৫.২০.৩০৪১.০০০.১৮.০৪৮.১৯-৯০৬,

তারিখঃ ২৬ মাঘ/১৪২৬ বাংলা
০৯ ফেব্রুয়ারি/২০২০ খ্রিঃ।

## হাট বাজার ইজারার দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ফুলগাজী উপজেলাধীন নিম্নলিখিত বাজার সমূহ ১৪২৭ বাংলা সনের ০১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ইজারা প্রদানের নিমিত্তে আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠান হতে সীলমোহরকৃত খামে লিখিত শর্তাবলীর আলোকে দরপত্র আহবান করা যাচ্ছে।

| নং | ইউনিয়নের নাম | বাজারের নাম | সিডিউলের মূল্য | সরকারী মূল্য | দরপত্র বিক্রয় ও দাখিলের তারিখ | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | (১ম বার) | (২য় বার) | (৩য় বার) |
| ১ | ফুলগাজী | ফুলগাজী তোহা বাজার | ২২০০/- | ২,৮৩,৭৪২/- | ১০.০২.২০২০খ্রি: থেকে ২৫.০২.২০২০খ্রি: পর্যন্ত দরপত্র বিক্রয় এবং ২৬.০২.২০২০খ্রি: ১.০০ টার মধ্যে দরপত্র দাখিল ও দরপত্র বাক্স খোলার সময়ঃ ২৬.০২.২০২০খ্রি: দুপুর ২.৩০ টা | ২৮.০২.২০২০খ্রি: থেকে ১৪.০৩.২০২০খ্রি: পর্যন্ত দরপত্র বিক্রয় এবং ১৫.০৩.২০২০খ্রি: ১.০০ টার মধ্যে দরপত্র দাখিল ও দরপত্র বাক্স খোলার সময়ঃ ১৫.০৩.২০২০খ্রি: দুপুর ২.৩০ টা | ১৯.০৩.২০২০খ্রি: থেকে ০২.০৪.২০২০খ্রি: পর্যন্ত দরপত্র বিক্রয় এবং ০৫.০৪.২০২০খ্রি: ১.০০ টার মধ্যে দরপত্র দাখিল ও দরপত্র বাক্স খোলার সময়ঃ ০৫.০৪.২০২০খ্রি: দুপুর ২.৩০ টা |
| ২ | মুন্সীরহাট | নতুন মুন্সীরহাট তোহাবাজার | ৫০০/- | ৮৪৩০/- | | | |
| ৩ | দরবারপুর | মুন্সীরহাট তোহা বাজার | ২২০০/- | ৩,৭৪,৬৮৭/- | | | |
| ৪ | দরবারপুর | মুন্সীরহাট স্থায়ী গরু বাজার | ২২০০/- | ২,৪২,৪৩২/- | | | |
| ৫ | আনন্দপুর | আনন্দপুর তোহা বাজার | ৫০০/- | ১২,২৫৬/- | | | |
| ৬ | আমজাদহাট | আমজাদহাট তোহা বাজার | ৫০০/- | ৮০,৬২১/- | | | |
| ৭ | আমজাদহাট | গজারিয়া তোহা বাজার | ৫০০/- | ৩,৫২৬/- | | | |
| ৮ | জিএমহাট | জিএমহাট তোহা বাজার | ৫০০/- | ৮৬,৭৬২/- | | | |
| ৯ | জিএমহাট | জিএমহাট স্থায়ী গরুর বাজার | ৫০০/- | ৩৩,৭০৬/- | | | |
| ১০ | জিএমহাট | বকশিসাহ তোহা বাজার | ৫০০/- | ১,৪৪৯/- | | | |

দরপত্রের শর্তাবলীঃ

১। বাংলা ১৪২৭ সনের ১ বৈশাখ হতে ১৪২৭ বাংলা সনের ৩০ চৈত্র ০১(এক) বৎসর মেয়াদের জন্য হাট বাজার ইজারা দেয়া হবে।

২। দরপত্রের সহিত উদ্ধৃত মূল্যের উপর শতকরা ৩০% অর্থ জামানত হিসেবে ব্যাংক ড্রাফট উপজেলা নির্বাহী অফিসার, ফুলগাজী, ফেনীর অনুকূলে জমা দিতে হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারামূল্যের সাথে সমন্বয় হবে এবং ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট বাজার নিজ খরচে পরিস্কার না করলে বা অন্য কোন ক্ষতিসাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবরে প্রত্যর্পণ করা হবে।

৩। দরপত্র অনুমোদনের ০৭(সাত) দিনের মধ্যে অনুমোদিত দরদাতাকে ইজারামূল্যের অবশিষ্ট ৭৫% অর্থ পরিশোধ করতে হবে। তাছাড়া অনুমোদিত দরপত্র দাতাকে উদ্ধৃত মূল্যের ওপর সরকার কর্তৃক ধার্যকৃত অতিরিক্ত ১৫% ভ্যাট এবং ৫% আয়কর জমা প্রদান করতে হবে। অন্যথায় দরপত্র বাতিল বলে গণ্য হবে এবং জামানত বাজেয়াপ্ত হবে। এ জন্য আলাদা কোন পত্র ইস্যু করা হবে না।

৪। দরপত্র সিডিউল নির্ধারিত মূল্যে (অফেরতযোগ্য) এবং নির্ধারিত সময়ের মধ্যে জেলা প্রশাসকের কার্যালয়ের স্থানীয় সরকার শাখা, ফেনী , সহকারী কমিশনার (ভূমি), ফুলগাজী, ফেনী, অফিসার ইনচার্জ, ফুলগাজী থানা, সোনালী ব্যাংক, ফুলগাজী শাখা এবং নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে বিকাল ৫.০০টা পর্যন্ত ক্রয় করা যাবে। প্রতিক্ষেত্রে দরপত্র গ্রহণের উল্লিখিত দিনসমূহে বেলা ১.০০ ঘটিকার মধ্যে জেলা প্রশাসকের কার্যালয়, ফেনী এর স্থানীয় সরকার শাখা, উপজেলা ভূমি অফিস, ফুলগাজী এবং এ অফিসে স্থাপিত টেন্ডার বাক্সে দরপত্র গ্রহণ করা হবে। একই দিন দুপুর ২.৩০ ঘটিকার সময় দরপত্র দাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকে ) দরপত্র বাক্স খোলা হবে।

৫। নীতিমালা মোতাবেক বিগত ০৩(তিন)বৎসরের সর্বোচ্চ ইজারা মূল্যের চেয়ে কম মূল্যে কোন বাজার ইজারা প্রদান করা যাবে না।

৬। এক বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক বাজারের জন্য দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না । দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা যাবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় অন্তর্ভুক্ত বাজারের দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না।

৭। খামের উপর দরপত্রদাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৮। সরকার অনুমোদিত টোল রেইট মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রসিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারে দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট টাংগাইয়া প্রচার করবেন।

৯। প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সিলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্র দাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

১০। ইজারাদার কোনক্রমেই হাট বাজার অন্যের নিকট সাব লিজ দিতে পারবেন না। যদি অনুরূপ কোন প্রকার কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা চুক্তিপত্রের শর্ত লংঘন করা হয় তা হলে ইজারা বাতিল বলে গণ্য হবে।

১১। ত্রুটিপূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে। দরপত্রে উল্লিখিত ইজারামূল্য কাটা/ঘষা মাজা করা যাবে না।

১২। অনুমোদিত দরপত্র দাখিলকারীকে সম্পূর্ণ টাকা পরিশোধের সাথে সাথে নিজ খরচে ইজারা প্রদানকারী কর্তৃপক্ষের সহিত ৩০০/- টাকা ননজুডিশিয়াল স্টাম্পে চুক্তিপত্র সম্পাদন করতে হবে। অন্যথায় হাট/বাজারের দখল দেয়া হবে না।

১৩। দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৪। ইজারাদার নিজ খরচে বাজার পরিস্কার পরিচ্ছন্ন রাখবেন।

১৫। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী জমাকৃত অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।

১৬। হাট বাজারের ইজারার টাকা সরকারি দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।

১৭। কোন কারণ দর্শানো ছাড়াই যে কোন দরপত্র গ্রহণ/বাতিলের এখতিয়ার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

(মোঃ সাইফুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
ফুলগাজী, ফেনী।
মোবাইলঃ ০১৭১৩১৮৭৩১৫

স্মারক নং : ০৫.২০.৩০৪১.০০০.১৮.০৯৮.১৯- ২০৫/১(৫০),

তারিখঃ ২৬ মাঘ/১৪২৬ বাংলা
০৯ ফেব্রুয়ারি/২০২০ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ

১। জেলা প্রশাসক, ফেনী
২। পুলিশ সুপার, ফেনী
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলগাজী, ফেনী।
৪। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলগাজী, ফেনী
৫। সহকারী কমিশনার (ভূমি), ফুলগাজী, ফেনী [তাকে দরপত্র বিজ্ঞপ্তি মোতাবেক তার নোটিশ বোর্ডসহ ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তাদের দিয়ে উল্লিখিত হাট বাজার এলাকায় মাইকিং করে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো]
৬। অফিসার ইনচার্জ, ফুলগাজী থানা, ফুলগাজী, ফেনী
৭। উপজেলা..................................................................কর্মকর্তা, ফুলগাজী, ফেনী
৮। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিঃ, ফুলগাজী শাখা, ফেনী
৯। চেয়ারম্যান.............................. ইউনিয়ন (সকল),ফুলগাজী, ফেনী [তাঁকে দরপত্র বিজ্ঞপ্তি তাঁর নোটিশ বোর্ডে টাংগানোর ব্যবস্থা গ্রহণসহ তাঁর ইউনিয়নের হাট বাজার এলাকায় ব্যাপক মাইকিং করে বহুল প্রচার করার জন্য অনুরোধ করা হলো]
১০। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা.......................................ইউনিয়ন ভূমি অফিস, ফুলগাজী [ দরপত্র বিজ্ঞপ্তি মোতাবেক তাঁর আওতাধীন হাট বাজার এলাকায় ব্যাপক মাইকিং করে বহুল প্রচার করার জন্য অনুরোধ করা হলো]
১১। নোটিশ বোর্ড, অত্রাফিস/ এলজিইডি/ পোস্ট অফিস/ জেলা প্রশাসকের নোটিশ বোর্ড/ ফুলগাজী থানা/ সাব-রেজিস্ট্রার অফিসের নোটিশ বোর্ড সমূহে দরপত্র বিজ্ঞপ্তি টাংগানোর জন্য অত্রকার্যালয়ের জারীকারককে নির্দেশ প্রদান করা হলো।
১২। ..........................................................................................................................
১৩। অফিস কপি।

০৯.০২.২০২০

উপজেলা নির্বাহী অফিসার
ফুলগাজী,ফেনী।